



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৩৩/ ২৭৪৪

তারিখঃ ১০/১০/১৭

বিষয়ঃ সুপারের দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৩৩/৩৭২/৬; তারিখঃ ১২/০৭/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন দোলার বাজার ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার মোঃ জুনাইদ আহমেদ এর চাকরি থেকে অপসারণ প্রস্তাব অনুমোদনের জন্য বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে বিগত ১৫/০৫/২০১৬খ্রিঃ তারিখে উপস্থাপন করা হয়। বোর্ডের স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪/৩৯১/৬; তারিখঃ ১৬/০৬/২০১৬ খ্রিঃ এ উল্লেখ করা হয় যে- মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র বিস্তারিত পর্যালোচনায় দেখা যায়, সুপার মোঃ জুনাইদ আহমেদ এর চাকরি থেকে অপসারণের ক্ষেত্রে ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন প্রক্রিয়া যথাযথ হয়নি। ফলে আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক “তদন্ত কমিটি গঠন বিধি মোতাবেক না হওয়ায় যথাযথভাবে তদন্ত কমিটি গঠন পূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল সাপেক্ষে পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।” ১৮/০৫/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৭৭তম সভায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুমোদন করা হয়।

২) নথী ও অভিযোগকারীর আবেদন মোতাবেক উক্তরূপ কোন তদন্ত পরবর্তীতে হয় নাই ও বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি ও বোর্ড সভায় উপস্থাপন ও অনুমোদন হয় নাই। বিধায় সুপার পদ অদ্য পর্যন্ত শূন্য হয় নাই। মাদ্রাসার সুপার মোঃ জুনাইদ আহমেদ তাঁর অভিযোগে উল্লেখ করেন যে, তাঁর চূড়ান্ত প্রস্তাব বরখাস্ত অনুমোদন না হওয়া সত্ত্বেও তাঁকে দায়িত্ব পালনে অবৈধভাবে বঁধা দেওয়া হচ্ছে, তাঁকে কোন প্রকার বেতন-ভাতা/খোরপোষ ভাতা প্রদান করা হচ্ছে না। অভিযোগে দৈনিক সিলেটের ডাক পত্রিকার ১৭/০৫/২০১৭খ্রিঃ তারিখের কপি সংযুক্ত করে উল্লেখ করেন যে, সুপার পদ শূন্য না হওয়া সত্ত্বেও সুপার পদে নিয়োগের জন্য মাদ্রাসার সভাপতি বিজ্ঞপ্তি দিয়েছেন।

৩) পরবর্তীতে সূত্রে উল্লিখিত স্মারকে সুপার পদ শূন্য না হওয়ায় সভাপতি কর্তৃক ১৭/০৫/২০১৭খ্রিঃ তারিখের দৈনিক সিলেটের ডাক পত্রিকায় অথবা অন্য কোন বিজ্ঞপ্তির মাধ্যমে আপাততঃ সুপার পদে নিয়োগের সুযোগ নাই মর্মে মাদ্রাসার সভাপতি, ভারপ্রাপ্ত সুপার ও স্থানীয় প্রশাসন-কে জানিয়ে দেয়া হয় এবং জনাব মোঃ জুনাইদ আহমেদ এর অপসারণ প্রস্তাব বোর্ড কর্তৃক অনুমোদিত না হওয়ায়, যদি সাময়িক বরখাস্ত করা হয়ে থাকে তাহলে তাঁকে জীবন ধারণ ভাতা প্রদানসহ বিধি মোতাবেক সুযোগ সুবিধা প্রদান করা; যদি জনাব মোঃ জুনাইদ আহমেদকে সাময়িক বরখাস্ত না করা হয় তাহলে তাঁকে মাদ্রাসার দায়িত্ব পালনে বাধা না দেওয়া ও সুপার পদ শূন্য হওয়ার পূর্বে উক্তরূপ পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য সভাপতিকে পত্র দেয়া হয়।

৪) পত্রের প্রেক্ষিতে সভাপতি যে জবাব দাখিল করেছেন তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি। দীর্ঘদিন তদন্ত না হওয়ার বিষয়েও কোন সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করেননি। সাময়িক বরখাস্তের স্ব-পক্ষেও কোন কাগজপত্র দাখিল করা হয়নি। অপরদিকে সুপার জনাব মোঃ জুনাইদ আহমেদ “সুপার পদে দায়িত্ব পালনের সুযোগ দান ও ম্যানেজিং কমিটির বিধি বিহীন কার্যক্রম প্রতিকরণ” বিষয়ে একথানা আবেদন বোর্ডে দাখিল করেছেন।

৫) সুপার জনাব মোঃ জুনাইদ আহমেদ এর ৩৪ বরখাস্তকরণ যথাযথ প্রক্রিয়ায় না হওয়ায় অত্র বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক তা অনুমোদিত হয়নি। তদুপরি মাদ্রাসার সুপার/অধ্যক্ষ ও শিক্ষকদের সাময়িক বরখাস্ত বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ এর রায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক “৬০ দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে বেতন-ভাতা সমুদয় প্রাপ্য হবেন” মর্মে উল্লেখ রয়েছে।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ জুনাইদ আহমেদ এর অপসারণ প্রস্তাব বোর্ড কর্তৃক অনুমোদিত না হওয়ায় পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারকে জনাব মোঃ জুনাইদ আহমেদ এর নিকট সুপারের দায়িত্ব হস্তান্তরের জন্য ও বিধি মোতাবেক বেতন-ভাতা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ম্যানেজিং কমিটিকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১.১০.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) ভারপ্রাপ্ত সুপার, দোলার বাজার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ছাতক, সুনামগঞ্জ।

২) সভাপতি/সদস্যবৃন্দ-ম্যানেজিং কমিটি, দোলার বাজার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ছাতক, সুনামগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৩৩/

তারিখঃ ১০/১০/১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
৪. মোঃ জুনাইদ আহমেদ, সুপার, দোলার বাজার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ছাতক, সুনামগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪